ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 6 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৬২ ● কলকাতা ● ০১ আষাঢ়, ১৪৩২ ● সোমবার ● ১৬ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা



## ইরান-ইজরায়েল যুদ্ধে দু'ভাগে বিভক্ত বিশ্ব



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইজরায়েল ও ইরানের যুদ্ধকে কেন্দ্র করে দু'ভাগে বিভক্ত হল বিশ্ব। ইরানের মাটিতে হামলা প্রসঙ্গে ইজরায়েলের তরফে জানানো হয়েছে, ইরান পরমাণু অস্ত্র তৈরির অত্যন্ত কাছে পৌঁছে গিয়েছিল। বিশ্বকে বাঁচাতেই এই পদক্ষেপ করেছে তারা। ইজরায়েলের পদক্ষেপকে প্রকাশ্যে সমর্থন করেছে আমেরিকা, ফ্রান্স, ব্রিটেন, জার্মানি, ইতালির মতো দেশগুলি। অন্যদিকে, দুই দেশের যুদ্ধে সরাসরি ইজরায়েলকে নিশানা করে ইরানের পাশে দাঁড়িয়েছে পাকিস্তান। পাক বিদেশমন্ত্রী ইসাক দার জানান, ‘ইরানের উপর ইজরায়েলের হামলার তীব্র নিন্দা করছি আমি। পাকিস্তান ইরানের জনগণের পাশে রয়েছে।’ ইজরায়েলকে তোপ দেগে তুরস্ক জানিয়েছে, ‘এই হামলা সরাসরি আন্তর্জাতিক আইনের লঙ্ঘন। ইরানে ইজরায়েলের বিমান হামলা এটাই স্পষ্ট করে যে ওরা কূটনৈতিক উপায়ে সমস্যার সমাধান চায় না।’ কাতারের আন্তর্জাতিক সংগঠনগুলির কাছে আবেদন জানিয়েছে, ইজরায়েলের এহেন হামলা রোখার জন্য ব্যবস্থা নেওয়া হোক। ইজরায়েলের হামলার নিন্দা জানিয়ে কাতার। পাশাপাশি চিনের বিদেশমন্ত্রকের মুখপাত্র লিন জিয়াং জানিয়েছেন, চিন এই যুদ্ধের মারাত্মক পরিণতি নিয়ে যথেষ্ট উদ্বিগ্ন। ইরানের উপর এহেন আক্রমণের তীব্র নিন্দা জানিয়েছে বেজিং।অন্যদিকে, এই হামলার নিন্দায় সরব হয়েছে চিন, ইয়েমেন, ইরাক।

এরপর ৩ পাতায়

## মৃত্যুকে হারিয়ে ফিরবে মা-মেয়ে?



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বৃহস্পতিবার মেঘানিনগর বিজে মেডিক্যাল কলেজ হাসপাতালে যখন এয়ার ইন্ডিয়ার বিমানটি গিয়ে ধাক্কা মারে, তার ঠিক ৩০ মিনিট আগে ওই কলেজের হস্টেল ছেড়ে খাবার ঘরে ঘরে পৌঁছে দিতে বেরিয়েছিলেন রাঁধুনি রবি ঠাকুর ও তার স্ত্রী। তাদের অনুপস্থিতি যদি কেউ ক্যান্টিনে আসে, সেই কথা মাথায় রেখেই সেখানে বসিয়ে রেখে গিয়েছিলেন তার মা-কে।এরপরেই প্রত্যাশার চোখে রবির সংযোজন, 'যদি একজন যাত্রী বেঁচে যেতে পারেন, তা হলে দ্বিতীয়বার একই রকমের আশ্চর্য বা ঐশ্বরিক ঘটনা ঘটতেই পারে। হয়তো তারা যেখানেই রয়েছে নিরাপদই আছেন। আমি জানি, তাদের জীবিত খুঁজে পাওয়া কঠিন। কিন্তু আমি এখনও

এরপর ৩ পৃষ্ঠায়

### বিজ্ঞপ্তি

অনিচ্ছাকৃত কারণবশত ভুলের জন্য আমরা দুঃখিত।

**সম্পাদক**






# মাহিষ্য সমাজকে ওবিসি তালিকাভুক্তির দাবিতে চণ্ডীপুরে পথ সভা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মাহিষ্য সমাজকে ওবিসি তালিকাভুক্তির দাবিতে পূর্ব মেদিনীপুর জেলায় চণ্ডীপুর বিধান সভা কেন্দ্রের চণ্ডীপুর বাজার দীঘা রোড সংলগ্ন এলাকায় বঙ্গীয় মাহিষ্য উন্নয়ন পরিষদের উদ্যোগে শনিবার এক পথসভা অনুষ্ঠিত হয়। বিশিষ্ট সমাজসেবী পুলককান্তি গুড়িয়ার ব্যবস্থাপনায় আয়োজিত এই সভায় পৌরোহিত্য করেন জয়দেব মিদ্যা, বিশিষ্ট অতিথিদের মধ্যে ছিলেন প্রলয় পাল, তাপস মাজি, ডায়মণ্ড হারবার চাষী কৈবর্ত সমাজের কোষাধ্যক্ষ তাপস আদক, বঙ্গীয় হেলে/হেলিয়া/চাষী কৈবর্ত সমাজের রাজ্য সম্পাদক সিদ্ধানন্দ পুরকাইত প্রমুখ। বঙ্গীয় মাহিষ্য উন্নয়ন পরিষদ মেদিনীপুর জেলা কমিটির আহ্বায়ক তুষারকান্তি জানা উপস্থিত জনতার কাছে কৈবর্ত-মাহিষ্য সমাজের ইতিহাস তুলে ধরেন। তিনি বলেন পশ্চিম বঙ্গে প্রায় ৩৫% জনগোষ্ঠী মাহিষ্য সম্প্রদায়ভুক্ত। দীর্ঘদিন ধরে এরা বঞ্চনার শিকার। এবার সময় এসেছে রাজনৈতিক দর কষাকষি করার। মাহিষ্য সমাজকে ওবিসি তালিকাভুক্ত না করলে তার যোগ্য জবাব দেওয়া হবে বলেও তিনি ঘোষণা করেন। বঙ্গীয় মাহিষ্য উন্নয়ন পরিষদের মুখ্য উপদেষ্টা ও শিক্ষক সিদ্ধানন্দ পুরকাইত সরকারি তথ্য নিয়ে মাহিষ্য জনগোষ্ঠীকে ওবিসি তালিকাভুক্তির ব্যাপারে যুক্তিসঙ্গত ব্যাখ্যা করেন। উচ্চ আদালতের রায় এবং অনগ্রসর কল্যাণ কমিশনের সাম্প্রতিক কার্যাবলী সম্পর্কেও আলোকপাত করেন। তিনি আশ্বস্ত করে বলেন যে, প্রশাসনের উচ্চ বর্গ যতই চক্রান্ত করুন মাহিষ্য সমাজকে এবার ওবিসি তালিকাভুক্ত করতেই হবে। কারণ রানী রাসমণির উত্তরসূরীরা জেগে উঠেছেন। আগামী নির্বাচনে মাহিষ্য-চাষী কৈবর্তরাই হবে রাজনীতির ভরকেন্দ্র। তিনি আরো বলেন মাহিষ্য ও চাষী কৈবর্ত সমনাম। মণ্ডল কমিশন মাহিষ্য জনগোষ্ঠীকে ওবিসি হিসাবে স্বীকৃতি দিলেও রাজ্য সরকার দীর্ঘদিন ধরে রাজ্যের এই বৃহত্তম জনগোষ্ঠীকে অবহেলা করে এসেছে। রানী রাসমণি, মাতঙ্গিনী হাজরা, বীরেন্দ্রনাথ শাসমলের উত্তর সূরীরা এতদিন ইতিহাস ভুলে ছিল । এবার ভুল ভাঙছে, ঘুম ছাড়ছে। সরকারি সমীক্ষার জন্য অপেক্ষা না করে নিজ নিজ এলাকায় নিজ সমাজের স্বার্থে বেঞ্চ মার্ক সার্ভে করে অনগ্রসর কমিশন সহ অন্যান্য কর্তৃপক্ষের কাছে পাঠাতে বলেন।

## আহমেদাবাদ বিমান এবং কেদারনাথ হেলিকপ্টার দুর্ঘটনায় নিহতদের জন্য শান্তি হবন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা/গুরুগ্রাম।** আজ, ভারতীয় জনতা মজদুর সেল (বিজেএমসি) এর হরিয়ানা রাজ্য কমিটি আহমেদাবাদে মর্মান্তিক বিমান দুর্ঘটনা এবং কেদারনাথ হেলিকপ্টার দুর্ঘটনায় নিহতদের আত্মার শান্তির জন্য হবনের আয়োজন করেছে। বিজেএমসির জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি মিঠু এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, দুটিই মর্মান্তিক দুর্ঘটনা এবং আমরা মৃতদের আত্মার শান্তির জন্য একটি হবন করেছি। এই সময়, সেলের জাতীয় যুব সভাপতি শ্রী দীপক শর্মা, হরিয়ানার সভাপতি অমিত শর্মার নেতৃত্বে উপরোক্ত অনুষ্ঠানগুলি পরিচালিত হয়। এই সময়, প্রধানত সেলের জাতীয় সম্পাদক এন. প্রশান্ত, অন্ধ্রপ্রদেশের সভাপতি শেখ খলিফাতুল্লাহ, সহ-সভাপতি হরিয়ানা আনমোল ভরদ্বাজ, হরিয়ানার সাধারণ সম্পাদক সঞ্জয় কুমার, গুরুগ্রাম জেলা মহিলা সহ-সভাপতি মঞ্জু প্রজাপতি এবং অন্যান্যরা উপস্থিত ছিলেন।

# জঙ্গলমহলে হাতি ও মানুষের সুরক্ষায় স্থায়ী সমাধানের দাবিতে ঝাড়গ্রামে অনুষ্ঠিত হল গণ কনভেনশন

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

জঙ্গলমহল জুড়ে হাতির তাণ্ডব অব্যাহত। হাতির হানায় প্রতিনিয়ত বাড়ছে ক্ষয়ক্ষতি থেকে শুরু করে সাধারণ মানুষের প্রাণহানির মতো ঘটনা তেমনি অপরদিকে মানুষের হাতে প্রাণ যাচ্ছে হাতির।জঙ্গলমহলে হাতি ও মানুষের সুরক্ষায় স্থায়ী সমাধানের দাবিতে রবিবার ঝাড়গ্রাম শহরের একটি বেসরকারি অতিথিশালায় অনুষ্ঠিত হলো গণ কনভেনশন। জানা গেছে ঝাড়গ্রাম জেলা জুড়ে হাতির তাণ্ডব অব্যাহত। হাতির তান্ডবে নাজেহাল সাধারণ মানুষজন থেকে শুরু করে চাষিরা। এমনকি হাতির হানায় প্রতিনিয়ত প্রাণহানির সংখ্যাও বাড়ছে। বিশেষ করে খাবারের সন্ধানে ঝাড়গ্রাম জেলার ঝাড়গ্রাম, সাঁকরাইল, নয়াগ্রাম সহ একাধিক ব্লকে হাতির হানায় ক্রমশ ভাঙছে গৃহস্থের মাটির বাড়ি। বনদফতরের হিসেব অনুযায়ী হাতির হানায় কয়েক বছরে ঝাড়গ্রাম জেলায় প্রাণহানি সংখ্যা ৬৩ জন। এছাড়াও চাষের ১১৯৯ হেক্টর জমির ফসল নষ্ট করেছে দাঁতাল হাতির দল। আহতোর সংখ্যাও নেহাত কম নয়। যদিও বেসরকারি হিসেবে ক্ষয়ক্ষতির পরিমান আরো অনেক বেশি। কবে হবে হাতির সমস্যা সমাধান সে দিকেই তাকিয়ে ঝাড়গ্রাম জেলাবাসী। বনদপ্তরকে একাধিকবার জানিয়েও হাতির সমস্যার সমাধান না হওয়ায় বনদপ্তের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করছেন সাধারণ মানুষজন।হাতির সমস্যা সমাধানের জন্য রবিবার জঙ্গলমহল স্বরাজ মোর্চার পক্ষ থেকে সাধারণ মানুষজনকে নিয়ে ঝাড়গ্রাম শহরে অনুষ্ঠিত হলো গণ কনভেনশন। এদিন জঙ্গলমহল স্বরাজ মোর্চার পক্ষ থেকে দাবি তোলা হয় অবিলম্বে বহু প্রতীক্ষিত ময়ুরঝর্ণা এলিফ্যান্ট রিজার্ভ প্রকল্পটি অবিলম্বে বাস্তবায়ন করতে হবে, বৈদ্যুতিক তার দিয়ে ঘেরা বেড়া সম্পূর্ণ নিষিদ্ধ করতে হবে, হাতির জন্য প্রতিদিনের খাদ্য ও জলের প্রয়োজন সুনিশ্চিত করতে জঙ্গল লাগোয়া এলাকায় জলাশয় খনন ও খাদ্য গাছ রোপন করতে হবে। এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন জঙ্গলমহল স্বরাজ মোর্চার কেন্দ্রীয় সভাপতি অশোক মাহাতো সহ অন্যান্যরা।







(১ম পাতার পর)

# মৃত্যুকে হারিয়ে ফিরবে মা-মেয়ে?

আশা ছাড়িনি।'সঙ্গে কোলে বসিয়ে দিয়েছিলেন তাদের দুই বছরের কন্যা সন্তানকে।

তারা যখন খাবার দিতে ব্যস্ত। তখনই ঘটে যায় বড় বিপত্তি। সরাসরি মেডিক্যাল কলেজের ক্যান্টিনে এসে ধাক্কা মারে এয়ার ইন্ডিয়ার বিমানের একটা অংশ। তারপরেই বিরাট বিস্ফোরণ। কালো ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা। এই বিকট শব্দ ও কালো ধোঁয়া দেখতে পেয়েছিল ওই দম্পতিও। সর্বভারতীয় সংবাদমাধ্যম মিন্টকে তারা জানিয়েছে, 'প্রথমে মনে করি, কারওর বাড়িতে সম্ভবত গ্যাস সিলিন্ডার ফেটে গিয়েছে। কিন্তু মুহূর্তের মধ্যে বুঝে যাই যে এটা তার থেকেও বড় বিপর্যয়। দেখি, দাউদাউ করে জ্বলছে কলেজের বিল্ডিংটা। আর তারপর থেকে মা ও মেয়ের কোনও হদিশ নেই।'

রবি ঠাকুর জানিয়েছেন, 'যদি তারা মারাও গিয়ে থাকে, তাদের দেহটা যাতে মেলে সেই জন্য হাসপাতাল থেকে মর্গ সমস্ত জায়গায় খুঁজেছি। কিন্তু কোথাও তাদের হদিশ মেলেনি। এমনকি পুলিশের কাছেও সেই ভিত্তিতে নিখোঁজ হওয়ার একটি অভিযোগ দায়ের করা হয়েছে।'

(১ম পাতার পর)

# ইরান-ইজরায়েল যুদ্ধে দু'ভাগে বিভক্ত বিশ্ব

অন্যদিকে, দুই বন্ধু দেশের যুদ্ধ পরিস্থিতিতে নিরপেক্ষ অবস্থান নিয়েছে ভারত। ইরানের উপর ইজরায়েলি হানার নিন্দা জানিয়ে বিবৃতি প্রকাশ করেছে ৯ দেশীয় সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন (এসসিও)। তবে এই বিবৃতি থেকে নিজেদের আলাদা করলেও নয়াদিল্লির তরফে জানানো হয়েছে, আলোচনা এবং কূটনৈতিক পদক্ষেপের মধ্য দিয়ে ইজরায়েল এবং ইরানকে সংঘর্ষ থামানো প্রচেষ্টা চালাতে হবে। দুই দেশের মধ্যে চলতে থাকা উত্তেজনা কমাতে দুপক্ষকে কূটনৈতিক আলোচনায় বসার প্রস্তাব দিয়েছে ভারত। ভারতের বিদেশমন্ত্রকের তরফে জানানো হয়েছে, শুক্রবারই ইরানের বিদেশমন্ত্রীর সঙ্গে সংঘর্ষ নিয়ে কথা বলেছেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকর। কূটনৈতিক স্তরে সমস্যা মেটানোর কথা বলেছেন তিনি। এসসিও-এর বিবৃতিতে সহমত পোষণ করেছে, চিন, কাজাখস্তান, কিরগিজস্তান, রাশিয়া, পাকিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান।

এই যুদ্ধ পরিস্থিতিতে ইজরায়েলকে সমর্থন জানিয়েছে ইতালি। সেখানকার বিদেশমন্ত্রী আন্তোনিও তাজানি আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের আর্জি জানিয়েছেন। যদিও উদ্বেগ প্রকাশ করে তাঁর বক্তব্য, 'এই যুদ্ধ পশ্চিম এশিয়ার জন্য বিপদ ডেকে আনবে।' ফ্রান্সের বিদেশমন্ত্রী জিন-নোয়েল ব্যারোট জানিয়েছেন, 'ইরানের পারমাণবিক অস্ত্র পাওয়ার উচ্চাকাঙ্ক্ষায় প্যারিস উদ্বিগ্ন। আমরা ইজরায়েলের পাশে রয়েছি।' ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার জানিয়েছেন, 'ইরানের উপর ইজরায়েলের আক্রমণ যথেষ্ট উদ্বেগের। দুই পক্ষকেই তাদের অবস্থান থেকে পিছু হঠতে হবে।' একইসঙ্গে তিনি জানান, 'ইজরায়েলের আত্মরক্ষার অধিকার রয়েছে।' জার্মানির চ্যান্সেলর ফ্রেডরিক মের্জ জানান, 'এই যুদ্ধ ওই অঞ্চলের জন্য যথেষ্ট উদ্বেগের। তবে নিজেদের অস্তিত্বরক্ষা ও নাগরিকদের নিরাপত্তার অধিকার ইজরায়েলের রয়েছে।'

# আহমেদাবাদের দুর্ঘটনার ভিডিও করা কিশোরের নাম প্রকাশ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আহমেদাবাদে এয়ার ইন্ডিয়ার এআই ১৭১ বিমান দুর্ঘটনায় এখনও পর্যন্ত ২৭৯ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। দুর্ঘটনাস্থলে আরও মৃতদেহ রয়েছে বলে মনে করা হচ্ছে। গোটা দেশ শোকস্তব্ধ এমন এক দুর্ঘটনায়। কীভাবে বিমানটি টেক অফ করার কিছুক্ষণ পরে ফের মাটিতে নেমে এল, তারপর আছড়ে পড়ল, সেই ভিডিওটি ভাইরাল হয়ে গিয়েছিল মুহূর্তে।১৭ বছরের আরিয়ান এখনও ট্রমায় রয়েছে। তার বিশ্বাস হচ্ছে না তার মোবাইলে তোলা ভিডিওয় কীভাবে ধরা পড়ে গেল এমন ভয়ংকর এক দৃশ্য। সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলার সময় সে জানিয়েছে, "আমার খুব ভয় করছিল এমন একটা ঘটনা চোখের সামনে দেখতে পেয়ে। বোন প্রথম ভিডিওটা দেখে এবং ওই



বাবাকে জানায়। বিমানটা যে ওভাবে ভেঙে পড়বে সেটা ভাবতেই পারিনি।" আরিয়ানের পরিবার জানাচ্ছে, সেদিনের ঘটনায় মানসিক ভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে সে। ঘটনাটি মোবাইলে তোলার পর সে কথা বলার মতো অবস্থাতেও ছিল না বলে জানাচ্ছে তার বোন। মাঝে মাঝেই বিমানের ওঠানামা মোবাইলবন্দি করত সে। ভাবতেও পারেনি এমন এক মরণ উড়ানের মুহূর্তের সাক্ষী হবে সে ও তার ক্যামেরার লেন্স।এবার আহমেদাবাদের ক্রাইম ব্রাঞ্চ রেকর্ড করল সেই ২৪ সেকেন্ডের ভিডিওটি যে তুলেছে সেই ১৭ বছরের কিশোরের। নেট ভুবনে একটি ভিডিও ছড়িয়েছে, যেখানে দাবি করা হচ্ছে ওই কিশোরকে গ্রেপ্তার করেছে পুলিশ। কিন্তু সেই দাবি উড়িয়ে দিচ্ছেন তদন্তকারীরা। তাঁরা জানিয়েছেন, এই দুর্ঘটনার একজন সাক্ষী হিসেবেই ওই কিশোরের বয়ান রেকর্ড করা হয়েছে।

ক্রাইম ব্রাঞ্চের তরফে যে বিবৃতি দেওয়া হয়েছে, সেখানে পরিষ্কার বলা হয়েছে, "একটি মোবাইলে তোলা ভিডিও ভাইরাল হয়ে গিয়েছে। যে নাবালক ভিডিওটি তুলেছে সে পুলিশকে ভিডিওটির বিস্তারিত বিবরণ দিয়েছে। ছেলেটি ওর বাবার সঙ্গে সাক্ষ্য দিতে এসেছিল। এরপর তাকে ছেড়েও দেওয়া হয়। কোনও গ্রেপ্তারি বা আটক করা হয়নি।"

# সন্দেশখালিতে বিজেপিতে ধস, রেখা পাত্রের সঙ্গী-সহ ৩ হাজার পদ্মকর্মী সামিল তৃণমূলে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**সন্দেশখালি** : আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে বিজেপি শিবিরে বড় ভাঙন। সন্দেশখালিতে রেখা পাত্রের সঙ্গী-সহ ৩ হাজার পদ্মকর্মী যোগ দিয়েছেন তৃণমূলে। একুশে জুলাই প্রস্তুতির আগে সন্দেশখালিতে বড়সড়ো ভাঙ্গন। সন্দেশখালির বিজেপি নেত্রী রেখা পাত্রের ছায়া সঙ্গী বিজেপি নেত্রী লতিকা মিস্ত্রি রবিবার যোগ দিয়েছেন ঘাসফুল শিবিরে। ছাব্বিশের বিধানসভা নির্বাচনের আগে বিজেপি ঘর ভেঙে নিজেদের ঘর শক্ত করল ঘাসফুল শিবির। সন্দেশখালির মতো জায়গায় বিজেপির ৩ হাজার কর্মীকে নিজেদের দলে এনেছে তৃণমূল। জানা গিয়েছে, রেখা পাত্রের সঙ্গেই থাকতেন সুদেষ্ণা দাস, লতিকা মিস্ত্রি। ২০২৪ এর লোকসভা নির্বাচনে রাজ্যের বিভিন্ন প্রান্তে গিয়ে শুভেন্দু অধিকারীর সঙ্গে ভোট প্রচার করতে দেখা গিয়েছিল তাঁদের। এবার তাঁরাই বিজেপির হাত ছেড়ে যোগ দিয়েছেন তৃণমূলে। তাঁর সঙ্গে তৃণমূলে যোগ

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### ইজরায়েল জুড়ে পাল্টা ক্ষেপণাস্ত্র হামলা ইরানের, নিহত ৭

দিন কয়েক ধরেই ইরান-ইজরায়েলের নতুন উত্তেজনায় জ্বলছে মধ্যপ্রাচ্য। বৃহস্পতিবার রাত থেকে ইরানের উপর বিমান হামলা চালাচ্ছে ইজরায়েলি সেনাবাহিনী। যাতে মৃত্যু হয়েছে ইরানের ১২ জন শীর্ষ পারমাণবিক বিজ্ঞানী। পাশাপাশি অনেক ভবন চুরমার হয়ে গিয়েছে। এবার প্রতিশোধ নেওয়ার পালা!ইজরায়েলের চালানো হামলায় প্রাণ গিয়েছে ইরানের সেনাপ্রধানসহ অন্তত ২০ জন সামরিক কমান্ডারের। পাল্টা ইজরায়েলকে লক্ষ্য করে একাধিক ক্ষেপণাস্ত্র ও রকেট নিক্ষেপ করেছে ইরানের সামরিক বাহিনী। যাতে অন্তত ১৫ জন আহত হয়েছেন। ইরানে ইজরায়েল যে হামলা চালিয়েছে তার নামকরণ করেছে 'অপারেশন রাইজিং লায়ন'। এই বিষয়ে সেদেশের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলেছেন, ইরানের পারমাণবিক অস্ত্র উৎপাদন ঠেকানো দরকার। তাই এই অভিযান শুরু করা হয়েছে। ইরান যদি পারমাণবিক শক্তিধর দেশ হয়ে যায় তাহলে তা বিশ্বের জন্য তা বড় বিপদ হিসাবে গন্য হবে। যত দিন পর্যন্ত এই বিপদের আশঙ্কা থাকবে, ততদিন অভিযান চলবে। বৃহস্পতিবার রাতের হামলায় অন্তত ২০০টি ইজরায়েলি যুদ্ধবিমান অংশ নিয়েছিল বলে দাবি তেহরানের সামরিক বাহিনীর মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল এফিন দেফরিনের। তেহরানের আবাসিক এলাকায় ইজরায়েলি হামলায় ৭৮ জন নিহত ও ৩২৯ জন আহত হয়েছেন। সব মিলিয়ে ইজরায়েলের হামলায় ইরানে এখনও পর্যন্ত দুই শতাধিক মানুষের মৃত্যু হয়েছে। যার ফলে খুব সম্ভবনা রয়েছে তৃতীয় বিশ্বযুদ্ধ লেগে যাওয়ার।ইজরায়েলজুড়ে নতুন করে ক্ষেপণাস্ত্র হামলা শুরু করেছে ইরান। রবিবার (১৫ জুন) কাতারভিত্তিক আলজাজিরা সংবাদমাধ্যমে জানানো হয়েছে, তেল আবিব-সহ ইজরায়েলের বিভিন্ন শহরে ইরান পাল্টা ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। যাতে এখনও পর্যন্ত সাতজনের মৃত্যু হয়েছে। এছাড়াও ইজরায়েলের তেল আবিব মেট্রোপলিটন এলাকার বাত ইয়াম শহরেও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান। এই ঘটনায় এখনও পর্যন্ত ৩৫ জন নিখোঁজ রয়েছে এবং আহতের সংখ্যা ১০০ ছাড়িয়েছে।

এ প্রসঙ্গে ইজরায়েলের জরুরি পরিষেবা মেগান ডেভিড অ্যাডম জানিয়েছেন, তেল আবিবের বাত ইয়াম এলাকায় এখনও তিনজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। যার মধ্যে ১০ বছর বয়সী শিশুও রয়েছে। এছাড়া ইরানি ক্ষেপণাস্ত্র হামলায় ৬৯ এবং ৮০ বছর বয়সী দুজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। এদিকে ইরানের উপর ক্রমাগত হামলা চালিয়েই যাচ্ছে ইজরায়েলি সামরিক বাহিনী। ইরানের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সদর দফতরে হামলা চালিয়েছে ইজরায়েল। এছাড়াও ইরানের তেল স্থাপনা ও গ্যাস ক্ষেত্রেও নতুন করে হামলা চালাচ্ছে ইজরায়েল। উল্লেখ্য, ১৩ জুন শুক্রবার সকালে ইরানের পরমাণু কেন্দ্র ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের ভাণ্ডার-সহ একাধিক জায়গায় বিমান হামলা চালায় ইজরায়েল। তারপরেই একের পর এক বিস্ফোরণে কেঁপে ওঠে তেহরান।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(উনপঞ্চাশতম পর্ব)



হয়। ফলে অর্থনৈতিক উন্নতির স্বাদ পেতে যেমন সময় লাগে না, তেমনি আরও নানা সব উপকার পাওয়া যায়, যে সম্পর্কে এই প্রবন্ধে বিস্তারিত আলোচনা করা হবে। তবে সে বিষয়ে যাওয়ার আগে একটা কথা বলতে চাই বন্ধু, লক্ষ জন্ম পেরিয়ে পাওয়া এই মানব জীবনকে যদি বাস্তবিকই সার্থক বানাতে হয়, তাহলে এই লেখায় চোখ রাখতে ভুলবেন না যেন। কারণ লেখাটি পড়া মাত্র আপনার জীবনের ছবিটা যে বদলে যাবে সে বিষয়ে কিন্তু কোনও সন্দেহ নেই!"ওম হ্রিম শ্রিম লক্ষ্মী ভায়ো নমহঃ", এই মন্ত্রটিকেই লক্ষ্মী মহা মন্ত্র বলা হয়ে থাকে। এমনটা বিশ্বাস

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## সন্দেশখালিতে বিজেপিতে ধস, রেখা পাত্রের সঙ্গী-সহ ৩ হাজার পদ্মকর্মী সামিল তৃণমূলে

দিয়েছেন সন্দেশখালিতে প্রথম আন্দোলনকারী সুদেষ্ণা দাস, সুজিত নস্কর সহ ৩০০০ জন। তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দিয়েছেন মন্ত্রী বিরবাহা হাঁসদা উপস্থিত ছিলেন সুজিত বোস সহ আরও অনেকে।

সামনেই ২১ জুলাইয়ের সভা রয়েছে। এই সভার প্রস্তুতি বৈঠক ইতিমধ্যেই হয়ে গিয়েছে। প্রতিবছর এই মঞ্চ থেকে চমক থাকে। এবার সভার আগেই চমক এল সন্দেশখালি থেকে। এই সন্দেশখালিতেই একসময় প্রভাব বিস্তার করতে চেয়েছিল পদ্মশিবির। শেখ শাহজাহান থেকে শুরু করে রেখা পাত্রের খবর থাকত শিরোনামে। এবার সেই সন্দেশখালিতেই বড় ধাক্কা খেল বিজেপি। রেখা পাত্রের ছায়া সঙ্গী হিসেবে পরিচিত ছিলেন সুদেষ্ণা দাস, লতিকা মিস্ত্রি। এরাই প্রথম আন্দোলন শুরু করেছিলেন। এবার তাঁরাই বিজেপি ছেড়ে যোগ দিলেন তৃণমূলে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দুর্গোৎসবের সময় যে-প্রতিমা গড়াইয়া, চণ্ডিমণ্ডপ জোড়া করিয়া আমরা যে-উৎসব করিয়া থাকি সেই উৎসবে ঠিক সেই প্রতিমার পূজা হয় না; পূজা হয় ভদ্রকালীর, পূজা হয় পূর্ণঘটের;

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ISRO র প্রযুক্তি কে ভরসা করে আজ গভীর সমুদ্রে পাড়ি দিচ্ছে সুন্দরবনের মৎস্যজীবীরা!

রসেলিম লস্কর,সুন্দরবন

দীর্ঘ প্রতীক্ষার অবসান! আজ থেকে মৎস্যজীবীদের উপর থেকে উঠে যেতে চলেছে সরকারি নিষেধাজ্ঞা! আর নিষেধাজ্ঞার কারণ, সমুদ্রের মৎসের প্রজননের সুরক্ষার স্বার্থে প্রত্যেক বছর নির্ধারিত ১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত থাকে এই নিষেধাজ্ঞা। আর এই নিষেধাজ্ঞা উঠে যেতেই আর কাল বিলম্ব না করেই দক্ষিণ ২৪ পরগনা জেলা সহ প্রত্যন্ত সুন্দরবনের প্রায় তিন হাজার মৎসজীবি ট্রলার আজ বেরিয়ে পড়ছে বঙ্গোপসাগরের গভীর সমুদ্রে মৎস শিকারের উদ্দেশ্যে! আর ঠিক যখন দুয়ারে কড়া নাড়ছে বাঙালির প্রিয় ইলিশ সেই সঙ্গে মৎসজীবি দের বাড়তি আশা জুগিয়েছে হাওয়া অফিসও! কারণ, আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুসারে এরাজ্যে এবারে অনেক আগেই প্রবেশ করছে মৌসুমী বায়ু! যার ফলে শুরু হবে বৃষ্টি সঙ্গে থাকবে পূর্বের বাতাস! যা কিনা একেবারে ইলিশ ধরবার উপযোগী আবহাওয়া। আর আবহাওয়া অফিসের পূর্বাভাসের থেকেও এবারের মৎসজীবিদের মৎস শিকারে সবচেয়ে বেশি উদ্বুদ্ধ করছে ভারতের মহাকাশ গবেষণা কেন্দ্র



ইসরোর (ISRO) উন্নত প্রযুক্তিতে তৈরি ট্রান্সপন্ডার মেশিন। যা এবারে সমুদ্রে পাড়ি দেওয়া প্রত্যেকটি ট্রলারে এতিমধ্যেই প্রতিস্থাপন করা হয়ে গিয়েছে। এই মেশিন যে কোন প্রাকৃতিক বিপর্যয়ের আগাম সতর্কবার্তা দিতে পারবে। সেই সঙ্গে মৎস্যজীবীরা সমুদ্রের মাঝখান থেকে সরাসরি প্রশাসন ট্রলার মালিক এবং অন্যান্য প্রয়োজনীয় সংস্থার কাছে সংকেত পাঠাতে পারবেন। সেই সঙ্গে এই ট্রান্সপন্ডার মেশিন বিশেষভাবে কাজ করবে তখন যখন কোন টলার বাংলাদেশের জল সীমার কাছে চলে যাবে সে সময় সতর্কবার্তা পাঠিয়ে দেবে! যার ফলে মৎস্যজীবীরা নিজেরাই সতর্কতা অবলম্বন করতে পারবেন গভীর সমুদ্রে।

আর সব মিলিয়ে এবছরে আশায় বুক বেঁধে সমুদ্রে পাড়ি জমাচ্ছে মৎস্যজীবিরা। আর আশা মতো সব ঠিকঠাক থাকলে গত বছরের তুলনায় এবছরে বাজারে বিভিন্ন মাছের আমদানির পাশাপাশি ইলিশের আমদানিও বাড়বে! যার ফলে অনেকটা কমবে মাছের দাম সেই সঙ্গে মৎস্যজীবীরাও দুটো পয়সার মুখ দেখবে বলেই মনে করছে সকলে। যেমন হাসি ফুটবে মৎস্যজীবীদের মুখে তেমনি খুশি হবে বাঙালির ইলিশ প্রিয় মানুষ গুলিও! আর এবিষয়ে ওয়েস্ট বেঙ্গল ইউনাইটেড ফিসার ম্যান অ্যাসোসিয়ানের সহ সম্পাদক বিজন মাইতি বলেন, ' এই জেলার মৎস্যজীবীরা আশাবাদী এবারে ভালো ইলিশ ও অন্যান্য প্রজাতির মৎস্য ভালোই জলে পড়বার ব্যাপারে। কারণ,আবহাওয়া অফিসের মৎস শিকারের অনুকূল আবহাওয়ার পূর্বাভাস মিলেছে ও সেই সঙ্গে ইসরোর টেকনোলজিকে ব্যবহার করে আশায় বুক বেঁধেছে আমাদের এই জেলার মৎস্যজীবীরা। তিনি আরো জানিয়েছেন যে, এবারের প্রায় তিন হাজার মৎস্যজীবী ট্রলার পাড়ি দিচ্ছে সমুদ্রে তবে আজকে প্রথম পর্যায়ে ৫০ শতাংশ ট্রলার সমুদ্রে পাড়ি দেবে। পরে মাছের পরিস্থিতি অনুকূল থাকলে বাকিরাও ধীরে ধীরে সমুদ্রে নামবে '।

# ম্যাজিক এবং বাসের সাথে মুখোমুখি সংঘর্ষ



স্টাফ রিপোর্টার, রোজদিন

রাস্তার পাশে ম্যাজিক গাড়ি দাঁড় করিয়ে যাত্রী তুলছিলেন চালক। আর ঠিক তখনই সামনের দিক থেকে আসা এক বেসরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারল ম্যাজিকের সামনের অংশে। সেই ধাক্কায় দুমড়ে-মুচড়ে গেল ম্যাজিক গাড়ির সামনের একাংশ। এবং ঘটনায় গুরুতর আহত হলেন ম্যাজিক গাড়ির চালক। রবিবার সাত সকালে ঘটনাটি ঘটেছে মালদার মানিকচকের এনায়েতপুর বাঙালগ্রাম মোড় এলাকায়। প্রত্যক্ষদর্শীদের মুখ থেকে জানা গেছে, এদিন সকাল আটটার দিকে মানিকচক থেকে একটি যাত্রীবাহী ম্যাজিক গাড়ি মালদার দিকে যাচ্ছিল। যাওয়ার সময় ম্যাজিক গাড়ির চালক এনায়েতপুর বাঙালগ্রাম মোড়ের কাছে রাস্তার পাশে গাড়ি দাঁড় করিয়ে গাড়িতে যাত্রী তুলছিলেন। আর ঠিক তখনই মালদার দিক থেকে আসা এক বেসরকারি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে ম্যাজিক গাড়ির সামনের অংশে সজোরে ধাক্কা মারে। সেই ধাক্কায় ম্যাজিক গাড়ির সামনের একাংশ দুমড়ে-মুচড়ে যায় এবং চালক গাড়িতেই গুরুতর আহত অবস্থায় আটকা পড়েন। এই দৃশ্য দেখে স্থানীয়রা ছুটে গিয়ে আহত চালককে উদ্ধার করে মানিকচক গ্রামীণ হাসপাতালে পাঠান। এদিকে এই ঘটনার পরপরই বাসের চালক বাস ছেড়ে চম্পট দেয়। খবর পেয়ে মানিকচক থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। প্রথমে পুলিশ দুর্ঘটনাগ্রস্ত বাস ও ম্যাজিক গাড়িকে নিজেদের হেপাজতে নেয়। এরপর গোটা ঘটনা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# দূরত্ব বজায় রেখেও মধ্যপ্রাচ্যের যুদ্ধে 'জুড়ে গেল' ভারত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



শনিবার মধ্যরাত। হঠাৎ করে রক্ত-লাল হয়ে উঠল ইজরায়েলের আকাশ। এই নিয়ে ৬১৮ দিন ধরে মধ্যপ্রাচ্যের নানা দেশের সঙ্গে যুদ্ধ চালিয়ে যাচ্ছে এই ইহুদি ভূম। কখনও তাদের নিশানায় এসেছে গাজা, কখনও এসেছে লেবানন, এবার এসেছে ইরান।উল্লেখ্য, 'প্রায় ধ্বংস' হয়ে যাওয়া এই হাফিয়া বন্দরের সঙ্গে রয়েছে ভারত-যোগ। প্রথম থেকেই দুই দেশে সংঘাত থেকে দূরত্ব বজায় রেখেছে ভারত। কিন্তু তারপরেও এবার কার্যত বাধ্য হয়েই জুড়ে গেল সেই প্রসঙ্গ। এই হাফিয়া বন্দরের ৭০ শতাংশ অংশীদারিত্ব রয়েছে আদানি পোর্ট অর্থাৎ গৌতম আদানির কাছে। ২০২৩ সালে ইজরায়েলের গ্যাডোট গোষ্ঠীর সঙ্গে যৌথ অংশীদারিত্বে এই বন্দরটি কিনেছিল গৌতম আদানির সংস্থা। যার তৎকালীন সময়ে দাম পড়েছিল প্রায় ১৫০ কোটি মার্কিন ডলার। তবে এই হাফিয়া পোর্টে ইরানি হামলার প্রসঙ্গে এখনও পর্যন্ত মুখ খোলেনি কোনও পক্ষই। না বিবৃতি দিয়েছে ইজরায়েলের নেতানিয়াহু সরকার। না বিবৃতি দিয়েছে আদানি গোষ্ঠী। মুখ খোলেনি ইরানও।গত দিন তিনেক ধরেই দফায় দফায় চড়েছে পারদ। হামলা-পাল্টা হামলার জেরে বিধ্বস্ত হয়েছে জনজীবন।রবিবার ভোরের দিকে ইরানের সর্ববৃহৎ প্রাকৃতিক গ্যাস কেন্দ্রে হামলা চালিয়েছে ইজরায়েল। সূত্রের খবর, যুদ্ধের আবহ এতটাই তীব্র যে এবার পারমাণবিক হামলার কথা ভাবছে তারা।

ইজরায়েলের আগে শনিবার মধ্যরাতে হামলা চালিয়েছে ইরান। তাদের একাধিক শহরে আয়রন ডোমকে প্রতিহত করেছে ইরানি ক্ষেপণাস্ত্র। গুঁড়িয়ে দেওয়া হয়েছে তেল আভিভের ইজরায়েলি সেনার সদর দফতরও। এই সময়কালেই সেখানকার হাফিয়া শহর, যা বন্দর শহর বলেও পরিচিত। সেখানেও হামলা চালিয়েছে ইরান। সেই সময় এই হাফিয়ায় হামলা নিয়ে বিশেষ কোনও তথ্য পাওয়া যায়নি। সরকারি সূত্রে দাবি করা হয়, পাঁচ জনের মৃত্যু হয়েছে।

রবিবার বেলা গড়াতেই একাধিক আন্তর্জাতিক সংবাদমাধ্যমে ছড়িয়ে হাফিয়া হামলার আরও এক অধ্যায়ের কথা। প্রকাশ্যে আসে বেশ কিছু হামলার ছবি। যেখানে দেখা যায়, ইরানি ক্ষেপণাস্ত্র আয়রন ডোমকে ছেদ করে গুঁড়িয়ে দিচ্ছে ইজরায়েলের অন্যতম হাফিয়া বন্দরকে।

নৈরবি টাইমস ও কেনিয়া টাইমসের মতো বেশ কিছু আন্তর্জাতিক সংবাদমাধ্যমের দাবি, শনিবার রাতের দিকে হাফিয়া বন্দরে পর পর হামলা চালিয়েছে ইরান। যার জেরে প্রায় ধ্বংস হয়ে গিয়েছে, সেখানে অবস্থিত বন্দর, সেনা ছাউনি, রাসায়নিক কেন্দ্র ও তেল পরিশোধনাগার। তবে কি এই হামলার প্রতিবাদেই তেহরানের প্রাকৃতিক গ্যাস কেন্দ্রে হামলা চালাল ইজরায়েল?

# প্রধানমন্ত্রীর দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলিতে শিক্ষা এখন সাধ্যের মধ্যে : শ্রী ধর্মেন্দ্র প্রধান



**নয়াদিল্লি, ১৪ জুন, ২০২৫**

জাতীয় শিক্ষানীতি ২০২০-র ভাবনাকে সামনে রেখে শিক্ষার আন্তর্জাতিকীকরণে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে শিক্ষা মন্ত্রক। মুম্বইয়ে যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, আমেরিকা এবং ইতালির ৫টি আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এক সম্মতিপত্র স্বাক্ষরিত হয়েছে।

ইয়র্ক বিশ্ববিদ্যালয়, আবেরডিন বিশ্ববিদ্যালয়, ওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয় এবং ইতালির ইলিনয়েস ইন্সটিটিউট অফ টেকনোলজি ও ইন্সটিটিউটো ইউরোপিও ডি ডিজাইন (আইইডি)-এর ক্যাম্পাস স্থাপন এক উল্লেখযোগ্য মাইলফলক।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শ্রী দেবেন্দ্র ফড়নবিশ, কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান এবং মহারাষ্ট্রের উচ্চ ও কারিগরি শিক্ষামন্ত্রী শ্রী চন্দ্রকান্ত পাতিলের উপস্থিতিতে এই সম্মতিপত্রে স্বাক্ষরিত হয়।

অনুষ্ঠানে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী জাতীয় শিক্ষানীতির সাফল্যের নানা দিক তুলে ধরেন এবং বলেন যে, এর ফলে ভারতে আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠানগুলির ক্যাম্পাস তৈরির পথ সুগম হয়েছে।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, ভারতকে আন্তর্জাতিক জ্ঞানের হাব হিসেবে গড়ে তুলতে প্রধানমন্ত্রীর ভাবনাকে বাস্তবায়িত করার লক্ষ্যে সরকার অঙ্গীকারবদ্ধ। তিনি বলেন, কম খরচে এখন আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পড়াশোনার সুযোগ পাওয়া যাচ্ছে।

সম্মতিপত্র স্বাক্ষরের ফলে যুক্তরাজ্য, আমেরিকা, অস্ট্রেলিয়া এবং ইতালির ৫টি বিশ্ববিদ্যালয় ভারতে তাদের ক্যাম্পাস গড়ে তুলতে পারবে। আন্তর্জাতিক তালিকায় এই বিশ্ববিদ্যালয়গুলির স্থান প্রথম ৫০০টির মধ্যে রয়েছে। ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া বিশ্ববিদ্যালয় মুম্বই এবং চেন্নাইয়ে দুটি ক্যাম্পাস গড়ে তুলবে। মুম্বইয়ে এই প্রথম কোনও বিদেশি বিশ্ববিদ্যালয় তাদের ক্যাম্পাস তৈরি করতে চলেছে।


এই বিশ্ববিদ্যালয়গুলিতে আধুনিক সব ধরনের পাঠক্রম থাকছে। অনুষ্ঠানে সংশ্লিষ্ট দেশগুলির দূতাবাস ও কনস্যুলেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয়গুলির প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

জাতীয় শিক্ষানীতি ২০২০-তে উচ্চশিক্ষাকে আন্তর্জাতিক মানের উপযোগী করে তোলার ওপর জোর দেওয়া হয়েছে। ভারতও ইতিমধ্যে আবু ধাবিতে আইআইটি দিল্লি, তানজানিয়ায় আইআইটি মাদ্রাজ এবং দুবাইয়ে আইআইএম আমেদাবাদের ক্যাম্পাস তৈরির সিদ্ধান্ত নিয়েছে।

# সিনেমার খবর

## সত্যিই কি ৫৭ বছর বয়সে বাবা হচ্ছেন আরবাজ

**স্টাফ রিপোর্টার রোজদিন**



কয়েক মাস ধরে গুঞ্জন উঠেছে আরবাজ খান ও সুরা খান তাদের প্রথম সন্তানের অপেক্ষায় রয়েছেন- বেশ কিছু ভারতীয় গণমাধ্যমে এমন খবর প্রকাশিত হয়েছে। সম্প্রতি মুম্বাইয়ে স্ত্রীর সঙ্গে ঘুরতে বেরিয়ে পাপারাজ্জিদের সামনে পড়ে যান আরবাজ। তখনই তাকে প্রশ্ন করা হয়, ঘরে কি নতুন অতিথি আসছে? প্রকাশ্যে সে কথা স্বীকার না করলেও দৃশ্যত লজ্জায় লাল হয়ে গিয়েছিলেন আরবাজ খান। যেন বুঝিয়ে দিলেন, খবরের সত্যতা আছে।

বুধবার রাতে আরবাজ খানকে স্ত্রী সুরার সঙ্গে একটি রেস্তরাঁয় দেখা গিয়েছিল। ডিনারের পর আরবাজ ও সুরা যখন পাপারাজ্জিদের জন্য পোজ দিচ্ছিলেন, তখন ফটোগ্রাফাররা আরবাজকে অভিনন্দন জানাচ্ছিলেন, জবাবে তিনি দৃশ্যত লজ্জায় লাল হয়ে গিয়েছিলেন। এদিকে সুরা শুধু আরবাজের দিকে তাকিয়ে মুচকি হাসেন। যদিও সত্যিই তিনি বাবা হচ্ছেন কি না, সেটা নিশ্চিত করেননি। তবে আলোকচিত্রীদের অভিনন্দনের প্রতিক্রিয়া মুচকি হাসিকে অনেকেই সম্মতি হিসেবে দেখছেন। অন্তর্জালে ছড়িয়ে পড়া ভিডিও দেখে এক ভক্ত মন্তব্য করেছেন, ‘মনে হচ্ছে সত্যিই তিনি বাবা হতে চলেছেন’।

আরবাজ ও সুরা ২০২৩ সালের ডিসেম্বরে বিয়ে করেন। এর আগে এই অভিনেতা ও প্রযোজক মালাইকা অরোরাকে বিয়ে করেছিলেন। ২০১৭ সালে তাদের বিচ্ছেদের আনুষ্ঠানিকতা চূড়ান্ত হয়। ৫৭ বছর বয়সী আরবাজকে এখন আর খুব বেশি সিনেমায় অভিনয় করতে দেখা যায় না।


## প্রেমে শিক্ষা হয়েছে, আর ভুল করতে চান না অনন্যা

**স্টাফ রিপোর্টার রোজদিন**

গত বছর আদিত্য রায় কাপুরের সঙ্গে সম্পর্ক ভাঙে অনন্যা পাণ্ডের। তারপরে নাকি ভেঙে পড়েছিলেন অভিনেত্রী। প্রায়ই বিষণ্ণ থাকতেন, কান্নাকাটিও করতেন।

অনন্যার এক ঘনিষ্ঠ সূত্র ভারতীয় সংবাদমাধ্যমকে জানিয়েছিল, এই প্রথম নয়। ক্যারিয়ারের শুরুর দিকে অভিনেতা ঈশান খট্টরের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান চাঙ্কি-কন্যা। সেবারও মন ভাঙে অনন্যার। তাই অভিনেত্রী সিদ্ধান্ত নিয়েছেন, এখন থেকে আর কারও মন জুগিয়ে চলবেন না। আপোসহীন সম্পর্কে থাকতে চান। ভবিষ্যৎ প্রেমিকের জন্য শর্তও বেঁধে দিয়েছেন অভিনেত্রী।

গত কয়েক বছরে বার বার নিজের



চাওয়া-পাওয়াকে অবহেলা করে গুরুত্ব দিয়েছেন প্রেমিকের ইচ্ছেকে। তারা যেমনটা চেয়েছেন তেমনটাই করছেন। তারা যেমন খাবার খেতে চাইতেন তাতেই হ্যাঁ বলছেন। নিজের অনেকটা পরিবর্তন ঘটিয়েছেন। কিন্তু শেষ পর্যন্ত ধরে রাখতে পারেননি কাউকেই।

অনন্যার কথায়, “সকলকেই হয়তো পাল্টাতে হয়। আমিও নিজেকে অনেকটা বদলে ফেলেছিলাম। বলছি না, তাতে আমার কোনও ক্ষতি হয়েছে। আমি বরাবর ভালোবাসার মানুষের মনের মতো হওয়ার চেষ্টা করেছি। তাদের ‘হ্যাঁ’-তে ‘হ্যাঁ’ বলেছি। তারা বাড়িতে থাকতে চাইলে সেটা মেনে নিয়েছি, নিজেকে পিছনে রেখেছি সব সময়।”

কিন্তু এবার আর তেমনটা করবেন না অনন্যা। অভিনেত্রী সাফ জানান, আর আপস করবেন না। বরং তিনি যেমন, তার প্রেমিককে সেভাবেই তাকে গ্রহণ করতে হবে।

অনন্যার কথায়, “লোককে খুশি করা অত্যন্ত বাজে গুণ।” পাশাপাশি, অনন্যা এও জানান, যেসব পুরুষ তার প্রেমিকার জন্য গর্ব বোধ করতে পারে না সে কখনওই যোগ্য সঙ্গী হতে পারে না।

## হলিউডে কঙ্গনার অভিষেক



**স্টাফ রিপোর্টার রোজদিন**

বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাউত এবার পা রাখতে চলেছেন আন্তর্জাতিক সিনেমার জগতে। ভ্যারাইটি ম্যাগাজিনে প্রকাশিত এক প্রতিবেদনে জানা গেছে, কঙ্গনা তার হলিউড অভিষেক করতে চলেছেন ব্লেসড বি দ্য ইভিল নামক একটি হরর ড্রামার মাধ্যমে।

প্রজেক্টটি প্রযোজনা করছে লায়নস্ মুভিস, এবং এতে কঙ্গনার পাশাপাশি অভিনয় করছেন টিন ওলফ খ্যাত টাইলার পোসি ও স্কারলেট রোজ স্ট্যালোন, যিনি হলেন অ্যাকশন তারকা সিলভেস্টার স্ট্যালোনের কন্যা।

Blessed Be the Evil–এর কাহিনী আবর্তিত হয়েছে এক খ্রিস্টান দম্পতিকে কেন্দ্র করে, যারা একটি মর্মান্তিক গর্ভপাতের পর নিজেদের জীবনে নতুন সূচনা আনতে একটি পুরোনো পরিত্যক্ত খামার কিনে সেখান বাস করতে শুরু করে। কিন্তু সেই খামারের অতীত যেন ঘুমিয়ে থাকা দুঃস্বপ্ন—শিগগিরই এক অশুভ শক্তির উপস্থিতি তাদের বিশ্বাস, ভালোবাসা ও মানসিক স্থিতিকে নাড়িয়ে দেয়।

চলচ্চিত্রটির পরিচালনায় রয়েছেন অনুরাগ রুদ্র, যিনি গাথা তিওয়ারির সঙ্গে যৌথভাবে এর চিত্রনাট্যও লিখেছেন। রুদ্র জানান, “এই সিনেমাটি শুধু ভয়ের গল্প নয়, বরং এক দম্পতির সম্পর্ক, মানসিক ভাঙা-গড়া এবং আত্মার টানাপোড়েনের গল্পও।”

সিনেমাটির প্রযোজকরা শুটিং লোকেশন হিসেবে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ককে বেছে নিয়েছেন। এই সিদ্ধান্ত এসেছে যুক্তরাষ্ট্রে সদ্য ঘোষিত শিল্প-সংক্রান্ত ট্রাম্প শুল্ক নীতির সম্ভাব্য প্রভাব এড়ানোর জন্য। এক প্রতিবেদনে জানানো হয়েছে, “চলচ্চিত্র শিল্পে শুল্ক প্রয়োগের ফলে বিভিন্ন দেশের প্রোডাকশন দল সমস্যার সম্মুখীন হতে পারে, তাই প্রযোজকরা ঝুঁকি না নিয়ে যুক্তরাষ্ট্রের মধ্যেই শুটিং চালানোর সিদ্ধান্ত নিয়েছেন।”

এই বছরের শেষদিকে শুরু হতে যাওয়া এই প্রজেক্টটি উপস্থাপন করা হবে আসন্ন কান ফিল্ম মার্কেটে, যেখানে আন্তর্জাতিক ক্রেতাদের সামনে এটি বিক্রয়ের জন্য প্রদর্শন করা হবে। এর ফলে সিনেমাটি শুধু হলিউড নয়, ইউরোপ ও এশিয়ার নানা প্রেক্ষাগৃহেও মুক্তি পাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে।

বলিউডের বিতর্কিত ও সাহসী অভিনেত্রী কঙ্গনা রানাউতের জন্য এটি নিঃসন্দেহে এক নতুন মাইলফলক। তাঁর অভিনয় দক্ষতা ও চরিত্রাভিনয়ে পারদর্শিতা বহুবার প্রশংসিত হয়েছে। তবে Blessed Be the Evil কঙ্গনার আন্তর্জাতিক পরিসরে আত্মপ্রকাশের দরজা খুলে দিতে পারে।

ফিফা ক্লাব বিশ্বকাপ

# মেসিদের ম্যাচে মায়ামির নায়ক অন্য এক আর্জেন্টাইন

স্টাফ রিপোর্টার, রোজদিন

লোকজনের আগ্রহ নেই, টিকেট বিক্রিতে সাড়া নেই। ক্লাব বিশ্বকাপ শুরুর আগের কিছু দিন এসব নিয়েই ছিল আলোচনা। টিকেটের দাম অনেক কমিয়েও দেওয়া হয়েছিল। শেষ পর্যন্ত টুর্নামেন্ট শুরুর দিনে দেখা গেল ভিন্ন চিত্র। ৬৫ হাজার দর্শক ধারণক্ষমতার স্টেডিয়ামে আনুষ্ঠানিক হিসেবে দর্শক উপস্থিতি ৬০ হাজার ৯২৭ জন! সেই দর্শকেরা অবশ্য গোল দেখতে পেলেন না একটিও। গোলশূন্য ড্রয়ে শুরু হলো ক্লাব বিশ্বকাপ।

নতুন করে বড় পরিসরে ৩২ দলের ক্লাব বিশ্বকাপের প্রথম আসরের উদ্বোধনী ম্যাচে আজ রবিবার গোলশূন্য ড্র করেছে যুক্তরাষ্ট্রের ইন্টার মায়ামি ও মিশরের আল আহলি। গোল না হলেও অবশ্য দর্শকদের বিনোদনের উপকরণ ছিল যথেষ্টই। আক্রমণ ও পাল্টা আক্রমণে দুই দলই সুযোগ তৈরি করেছে বেশ কিছু। কিন্তু বাধার দেওয়াল হয়ে দাঁড়ান দুই গোলকিপার।

গোল করার সবচেয়ে বড় সুযোগটি পেয়েছিল আল আহলিই। প্রথমার্ধের শেষ দিকে পেনাল্টি পায় তারা। কিন্তু ফরোয়ার্ড মাহমুদ আহমেদ ইব্রাহিম হাসান, ফ্রান্সের সাবেক তারকা দাভিদ



ত্রেজেগের সঙ্গে মিলের কারণে যিনি পরিচিত ত্রেজেগে নামেই, তার শট ফিরিয়ে দেন মায়ামির গোলকিপার অস্কার উস্তারি। ফিরতি বলে আবার পা ছোঁয়ান ত্রেজেগে, এবার বল গাতে জমিয়ে নেন উস্তারি। শুধু পেনাল্টি ঠেকানোই নয়, গোটা ম্যাচে আটটি সেভ করে মায়ামির পয়েন্ট পাওয়ার নায়ক উস্তারিই।

বিশেষ করে, প্রথমার্ধে দুর্দান্ত খেলে দলকে রক্ষা করেন ৩৮ বছর বয়সী গোলকিপার। বেশ কিছুদিন ধরেই অবশ্য অসাধারণ গোলকিপিং করছেন তিনি। দলের প্রথম পছন্দের গোলকিপার ড্রেক ক্যালেন্ডারের চোটের কারণে সুযোগ পেয়ে মেজর লিগ সকারেও ম্যাচের পর ম্যাচ দারুণ পারফর্ম করে চলেছেন আর্জেন্টিনা জাতীয় দলের হয়ে দুটি ম্যাচ খেলা এই গোলকিপার। খুব পিছিয়ে ছিলেন না আল আহলির গোলকিপার মোহামেদ এল শেনাওয়ি। তিনি সেভ করেছেন পাঁচটি।

ফ্লোরিডার হার্ডরক স্টেডিয়ামে বাংলাদেশ সময় রোববার সকালে ম্যাচের প্রথমার্ধে প্রায় একচেটিয়া দাপট ছিল আল আহলির। কিন্তু গোল বের করতে পারেনি তারা নিজেদের ব্যর্থতা আর উস্তারির দৃঢ়তায়। প্রথমার্ধেই 'ওপেন প্লে' থেকে চারটি সেভ করেন মায়ামির গোলকিপার। এরপর ৪৬তম মিনিটে পেনাল্টি ঠেকানো তো আছেই।

২০২২ সালের ২৮ অক্টোবরের পর প্রথমবার পেনাল্টি ঠেকাতে পারলেন তিনি।

দ্বিতীয়ার্ধে অনেকটা গুছিয়ে নেয় মায়ামি। দারুণ লড়াইয়ে খেলা জমে ওঠে। মেসি তার কিছু ঝলক দেখান এই অর্ধে। ৬৪তম মিনিটে ফ্রি কিক থেকে তিনি গোল পাননি অল্পের জন্য। ৮৫তম মিনিটে আরেকবার গোলের কাছাকাছি যায় মায়ামি। এবার মেসির ক্রস থেকে ফাফা পিকুঁর হেড ক্রসবার স্পর্শ করে চলে যায় বাইরে।

৯০ মিনিট শেষে যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে নাটকীয় জয়ের সম্ভাবনা জাগিয়েছিল মায়ামি। এবার মেসির শটে বলে কোনোরকমে স্পর্শ করে বাইরে পাঠিয়ে দেন আল আহলির গোলকিপার এল শেনাওয়ি। মায়ামির পরের ম্যাচ বৃহস্পতিবার পর্তুগিজ ক্লাব পোর্তোর বিপক্ষে। একই দিনে ব্রাজিলের পালমেইরাসের সঙ্গে লড়বে আল আহলি।

# আইপিএল সেরা দলে জায়গা পেলেন যারা



স্টাফ রিপোর্টার, রোজদিন

প্রথমবার আইপিএলের চ্যাম্পিয়ন হয়েছে রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। অন্য মৌসুমের মতো এবারো দারুণ খেলেছেন বিরাট কোহলি। আইপিএলের বড় তারকা হয়ে উঠেছেন শ্রেয়াস আইয়ার। গত বছর কেকেআরকে শিরোপা জিতিয়েছেন। এবার ১১ বছর পর পাঞ্জাব কিংসকে ফাইনালে তুলেছেন নেতৃত্বে ও ব্যাটে দারুণ পারফরম্যান্স দেখিয়ে।

গুজরাটের জার্সিতে জস বাটলার ভালো মৌসুম পার করেছে। গত মৌসুমে দারুণ খেলার পরও রাজস্থান রয়েল তাকে ছেড়ে দিয়েছিল। প্রিয়ংশি আরিয়া আলো কাড়লেও সাই সুদর্শন ছিলেন বেশি নির্ভার। বাজে শুরু করা দলকে প্লে অফে তুলতে ভালো ভূমিকা রেখেছেন মুম্বাইয়ের সূর্যকুমার যাদব।

দলকে ফাইনালে তুলতে ব্যর্থ হওয়ার দায় মাথা পেতে নিয়ে মুম্বাইয়ের নেতৃত্বভার ছেড়ে দিলেও হার্দিক পান্ডিয়া ব্যাটে-বলে দারুণ এক অলরাউন্ডারের ভূমিকা পালন করেছেন। বেঙ্গালুরুকে শিরোপা জেতাতে বড় অবদান রেখেছেন তারই ভাই ক্রুনাল পান্ডিয়া। তরুণ উইকেটরক্ষক জিতেশ শর্মা এবারের আইপিএলের এক ব্রেক থ্রু।

ক্রিকইনফোর আইপিএল সেরা দল। বোলিংয়ে জাসপ্রিত বুমরাহকে সেরার তালিকায় রাখতেই হবে। রশিদ খানের পড়তি মৌসুমে আলো কেড়েছেন তরুণ আফগান লেগ স্পিনার নুর আহমেদ। প্রসিদ্ধ কৃষ্ণা তিন বছর পর আইপিএলে ফিরে সর্বাধিক উইকেট দখল করে পার্পল ক্যাপ পেয়েছেন। নিয়ন্ত্রিত বোলিংয়ে জস হ্যাজলউডও জায়গা পেয়েছেন ক্রিকইনফোর সেরা আইপিএলে দলে।

ক্রিকইনফোর সেরা আইপিএল দল: সাই সুদর্শন (গুজরাট), বিরাট কোহলি (বেঙ্গালুরু), জস বাটলার (গুজরাট), সূর্যকুমার যাদব (মুম্বাই), শ্রেয়াস আইয়ার (পাঞ্জাব), হার্দিক পান্ডিয়া (মুম্বাই), জিতেশ শর্মা (উইকেটরক্ষক, বেঙ্গালুরু), ক্রুনাল পান্ডিয়া (বেঙ্গালুরু), নুর আহমেদ (চেন্নাই), জাসপ্রিত বুমরাহ (মুম্বাই), প্রসিদ্ধ কৃষ্ণা (গুজরাট), জস হ্যালজউড (বেঙ্গালুরু)।

# টেইজানি রেইনডার্সকে দলে ভেড়াল সিটি

স্টাফ রিপোর্টার, রোজদিন


ডাচ মিডফিল্ডার টেইজানি রেইনডার্সকে এসি মিলান থেকে দলে ভিড়িয়েছে ম্যানচেস্টার সিটি। গ্রীষ্মকালীন ট্রান্সফার উইন্ডোতে এটাই সিটির প্রথম বড় চুক্তি।

২৬ বছর বয়সী এই মিডফিল্ডারের জন্য প্রিমিয়ার লিগের গত মৌসুমের চ্যাম্পিয়নরা ৫৫ মিলিয়ন ইউরো ব্যয় করেছে। পাঁচ বছরের মেয়াদের সাথে আরো এক বছর চুক্তি বাড়ানোর শর্ত রয়েছে।

যুক্তরাষ্ট্রে আগামী ১৪ জুন থেকে অনুষ্ঠেয় ফিফা ক্লাব বিশ্বকাপের আগেই নেদারল্যান্ডের এই তারকার সাথে চুক্তির সব কার্যাদি সম্পন্ন করতে চায় সিটিজেনরা। ২০২৩ সালে এজেড আলকমার থেকে এসি মিলানে যোগ দিয়েছিলেন রেইনডার্স।

২০২৫/২৫ মৌসুমে ইতালিয়ান ক্লাবটির হয়ে করেছেন ১৫ গোল। কেভিন ডি ব্রুইনার বিদায়ের পর পেপ গার্দিওলার দলের মধ্যমাঠে রেইনডার্স গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারেন।

অভিজ্ঞ বেলজিয়ান তারকা গার্দিওলা ক্লাব বিশ্বকাপে সিটির হয়ে না খেলার সিদ্ধান্ত নিয়েছেন। সিরি-এ চ্যাম্পিয়ন নাপোলিতে ডি ব্রুইনার যোগ দেবার ব্যাপারে জোড় গুঞ্জন রয়েছে। এচিলিস অস্ত্রোপচারের কারনে টুর্নামেন্ট থেকে ইতোমধ্যেই



ছিটকে পড়েছেন মিডফিল্ডার মাতেও কোভাচিচ।

পেপ গার্দিওলার দল হতাশাজনক একটি মৌসুম কাটিয়ে ক্লাব বিশ্বকাপে খেলতে নামবে। প্রিমিয়ার লিগে তৃতীয় হওয়া সিটি আট বছরের মধ্যে প্রথম কোন শিরোপা ছাড়াই মৌসুম শেষ করেছে।

গত সপ্তাহে সিটি চেয়ারম্যান খালদুন আল মুবারক স্বীকার করেছেন ট্রান্সফার মার্কেটে সম্ভবত এবার তার ক্লাব বেশ আগ্রাসী ভূমিকা পালন করবে। বর্তমান চ্যাম্পিয়ন হিসেবে ৩২ দলের বর্ধিত কলেবরের ক্লাব বিশ্বকাপে গার্দিওলার দল অংশ নিতে যাচ্ছে। দুই বছর আগে সৌদি আরবের টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছিল সিটিজেনরা। আগামী ১৮ জুন ফিলডেলফিয়ায় মরোক্কান ক্লাব ওয়াইদাদ ক্যাসাব্ল্যাঙ্কার বিপক্ষে সিটি ক্লাব বিশ্বকাপের মিশন শুরু করবে। ক্লাব বিশ্বকাপে অংশগ্রহণকারী দলগুলোর জন্য এবার ট্রান্সফার উইন্ডোর সময়সীমা ১০ জুন করা হয়েছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR